

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ.কে খন্দকার রোড
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

নং- ৫১.০১.০০০০.০০৩.১২.০০৪.১০(অংশ-২). ৮২৭

তারিখঃ ২৭-০৯-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা পদে পদোন্নতির নিমিত্ত মামলা সংক্রান্ত তথ্য ও পাসপোর্ট সাইজের ছবি সরবরাহ।

সূত্রঃ ৫১.০১.০০০০.০০৩.১২.০০৪.১০(অংশ-২).৬৬৬, তারিখঃ ২০-০৮-২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কর্মকর্তাদের বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্যাদি অত্র অধিদপ্তরে সংরক্ষিত আছে। কিন্তু দুর্নীতির মামলা / ফৌজদারী মামলা সংক্রান্ত যথাযথ তথ্যাদি অত্র অধিদপ্তরে সংরক্ষিত না থাকায় জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা পদে পদোন্নতির নিমিত্ত মামলা সংক্রান্ত সকল তথ্যাদি সরবরাহের জন্য সূত্রে উল্লিখিত স্মারকে অনুরোধ জানানো হয়। ইতোমধ্যে বেশ কয়েকজন কর্মকর্তার প্রত্যয়ন পাওয়া গেছে। যে সকল কর্মকর্তা এখনও প্রত্যয়ন প্রেরণ করেননি তাদের প্রত্যয়ন সরবরাহের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

একই সাথে, ফিডার পদধারী এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা পদে পদোন্নতি পেতে আগ্রহী ১ম শ্রেণীর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের প্রত্যয়নের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের রজিন ছবি সরবরাহের জন্যও অনুরোধ করা হলো।

উল্লেখ্য, যে সকল কর্মকর্তা ইতোমধ্যে প্রত্যয়ন সরবরাহ করেছেন তাদেরও পাসপোর্ট সাইজের রজিন ছবি সরবরাহ করতে হবে।

(মোঃ জাহাঙ্গীর আলম
যুগ্ম-সচিব)
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৯৮৯২৩৯৮

প্রাপকঃ

জনাব

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (১ম শ্রেণী)

উপজেলা-, জেলা-

অনুলিপিঃ

১। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

২। পিএ টু ডিজি, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।